



বিআরডিবি পল্লী পরিক্রমা

www.brdb.gov.bd

ডিসেম্বর ২০১৮ বর্ষ ১ সংখ্যা ৩

ভেতরের পাতায় গুরুত্বপূর্ণ শিরোনাম...

মহান বিজয় দিবস-২০১৮ যথাযোগ্য ২
মর্যাদায় উদযাপন

বিআরডিবি'র অংশীজনদের সাথে ৪
মতবিনিময় সভা অনুষ্ঠিত

পল্লী ভবনে এএআরডিও সেক্রেটারী ৫
জেনারেল এর আগমন

আইএমইডি পরিচালক কর্তৃক ৫
ইরেসপো প্রকল্পের কার্যক্রম পরিদর্শন

BRDB-HELVETAS এর ৭
গাইবান্ধা জেলায় প্রশিক্ষণ অনুষ্ঠিত

বিআরডিবি'র সদর কার্যালয়ে ৭
গণশুনানী অনুষ্ঠিত

বিআরডিবি'র কার্যক্রম পর্যালোচনা সভা অনুষ্ঠিত



গত ১০/১২/২০১৮ খ্রি. তারিখে পল্লী ভবনের সম্মেলন কক্ষে বিআরডিবি'র কার্যক্রম পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার। সভায় সভাপতিত্ব করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। সভায় সচিব মহোদয় বিআরডিবি'র সকল মামলা নিষ্পত্তি, নিয়োগ ও পদোন্নতিসহ সাংগঠনিক কাঠামো হালনাগাদ প্রণয়নের উপর গুরুত্বারোপ করেন।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদারকে বিআরডিবি'তে আগমন উপলক্ষে শুভেচ্ছা জ্ঞাপন



পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদারকে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সদর কার্যালয়ে গত ১০/১২/১৮ খ্রি. তারিখে প্রথম আগমন উপলক্ষে মহাপরিচালক, বিআরডিবি এর পক্ষ হতে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হয়। সেখানে বিআরডিবি'র পরিচালকগণ উপস্থিত ছিলেন।

মহাপরিচালকের বার্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের অনলাইন নিউজলেটার বিআরডিবি 'পল্লী পরিক্রমা' এর ডিসেম্বর ২০১৮ সংখ্যা প্রকাশিত হ'ল। এ দায়িত্বপূর্ণ কাজটি সাফল্যের সঙ্গে নিয়মিতভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই। ডিসেম্বর ছিল বিজয়ের মাস। বিআরডিবি'র পক্ষে আমরা মহান বিজয় দিবস-২০১৮ উদযাপন করেছি এবং জাতির পিতার স্মরণে ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘরে পুষ্পস্তবক অর্পণ করেছি। জাতির পিতার ক্ষুধা-দারিদ্র্য-অশিক্ষা এবং বঞ্চনামুক্ত 'সোনার বাংলাদেশ' বিনির্মানের লালিত স্বপ্ন বাস্তবায়নে বিআরডিবি'র কর্মী ও সুফলভোগীরা একাত্ম হয়ে কাজ করছে।



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ৪৬তম প্রতিষ্ঠা দিবস উদযাপন



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ৪৬তম প্রতিষ্ঠা দিবস গত ২০/১২/২০১৮ খ্রি. তারিখে উদযাপন করা হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। সভায় প্রধান অতিথি একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান হিসেবে বিআরডিবি'র অভ্যুদয় ও ক্রমবিকাশের প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলেন, কুমিল্লা পদ্ধতির আঞ্জিকে এ প্রতিষ্ঠানটি দেশের পল্লী উন্নয়নের প্রশাসনিক, ভৌত ও প্রাতিষ্ঠানিক পটভূমি রচনা এবং কৃষির আধুনিকীকরণের মাধ্যমে সবুজ বিপ্লব ছড়িয়ে দেয়। ক্ষুদ্র ঋণের আধুনিক ধারণার প্রয়োগের ক্ষেত্রে অগ্রদিশারী অন্য কোন প্রতিষ্ঠান নয়, বিআরডিবি। এ প্রতিষ্ঠানটি এক্ষেত্রে যে অবদান রেখেছে এযাবৎ তার যথার্থ স্বীকৃতি পায়নি। স্বীকৃতি পেয়েছে সেই ব্যক্তি বা প্রতিষ্ঠান যা এ ধারণা অনুশীলনের কাছে অনেকখানি ঋণী। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান 'দ্বি-স্তর সমবায়ের' কর্মপদ্ধতি ও দর্শনের আলোকে ১৯৭২ সালে প্রবর্তন করেন সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচী। এ কর্মসূচীর সফল বাস্তবায়নের ক্রমধারায় ১৯৮২ সালে একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে বিআরডিবি'র অভ্যুদয়।

এএআরডিও সেক্রেটারী জেনারেল এর বিআরডিবি'র কারুপল্লী পরিদর্শন



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক গ্রাম পর্যায়ে গঠিত কৃষক সমবায় সমিতি ও পল্লী উন্নয়ন দলের সদস্যদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের নিমিত্ত প্রতিষ্ঠিত কারুপল্লী সেবা দিয়ে আসছে। বিআরডিবি'র আওতায় প্রতিষ্ঠিত সে ঐতিহ্যবাহী কারুপল্লী পরিদর্শন করে এএআরডিও এর সেক্রেটারী জেনারেল।



বাংলাদেশ পঞ্জী উন্নয়ন বোর্ডের মাসিক অনলাইন নিউজলেটার বিআরডিবি পঞ্জী পরিচয়

ডিসেম্বর ২০১৮ বর্ষ ১ সংখ্যা ৩

মহান বিজয় দিবস-২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন



বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে পুষ্পস্তবক অর্পণের লক্ষ্যে র্যালী'তে মহাপরিচালক, বিআরডিবি



বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে পুষ্পস্তবক অর্পণের লক্ষ্যে র্যালী'তে সচিব পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগ



আলোচনা সভায় বক্তব্য প্রদান করছেন বিআরডিবি'র মহাপরিচালক, জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার



আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার



ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে পুষ্প স্তবক অর্পণ করছেন, সচিব, পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগ ও মহাপরিচালক, জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার

বাংলাদেশ পঞ্জী উন্নয়ন বোর্ড কর্তৃক মহান বিজয় দিবস, ২০১৮ উপলক্ষে সকাল ৮.৩০ ঘটিকায় ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে বিআরডিবি'র মহাপরিচালক, জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদারসহ সচিব পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগের নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এর পর সকাল সকাল ৯.৩০ ঘটিকায় সচিব পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগসহ সমবায় অধিদপ্তর ভবনে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। এছাড়া একইদিন পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় সকাল ১০.০০ ঘটিকায় সমবায় অধিদপ্তরের অডিটরিয়ামে আলোচনা সভা, দোয়া মাহফিল ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে “চেতনায় উত্তাসিত বাংলাদেশ: বিজয় যাত্রা ৭১ থেকে ৪১” শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিআরডিবি'র মহাপরিচালক, জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার। সভায় সভাপতিত্ব করেন পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগের অতিরিক্ত সচিব আবুল হাসনাত মোহাম্মদ জিয়াউল হক। এছাড়া আলোচনা সভায় পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগের অতিরিক্ত সচিববৃন্দ, বিভিন্ন অধিদপ্তর ও সংস্থার মহাপরিচালকসহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারী আলোচনায় অংশগ্রহণ করে গুরুত্বপূর্ণ বক্তব্য পেশ করেন।



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মাসিক অনলাইন নিউজলেটার বিআরডিবি পল্লী পারিক্রমা

ডিসেম্বর ২০১৮ বর্ষ ১ সংখ্যা ৩

মহান বিজয় দিবস-২০১৮ আলোচনা সভায় মহাপরিচালক বিআরডিবি কর্তৃক মূল প্রবন্ধ উপস্থাপন



পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক মহান বিজয় দিবস-২০১৮ উপলক্ষে আয়োজিত দোয়া মাহফিল, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে চেতনায় উদ্ভাসিত বাংলাদেশ : বিজয়যাত্রা '৭১হতে ৪১' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার।

জাতীয় শুদ্ধাচার কৌশল এর অংশ হিসেবে বিআরডিবি অংশীজনদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত



জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসেবে গত ২০/১২/২০১৮ খ্রি. তারিখে বিআরডিবি অংশীজনদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।



ইরেসপো প্রকল্পের আওতায় নার্সারী করে দারিদ্র্য জয়

যশোর সদর উপজেলার হামিদপুর মধ্য পাড়া মহিলা সমিতির সদস্য বেবী বেগম নিজের জমিতে নার্সারী করে একজন সফল উদ্যোক্তা হিসেবে এলাকায় পরিচিতি লাভ করেছেন।



মদিনাবাদ মধ্য মহিলা সমিতি, কয়রা, খুলনাতে ছাগল পালন পরিদর্শন

কয়রা, খুলনাতে ছাগল পালন পরিদর্শন


কয়রা উপজেলার মদিনাবাদ মহিলা সমিতির ছাগল পালন পরিদর্শন করেন খুলনা জেলার উপপরিচালক জনাব মোঃ নাসির উদ্দিন



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মাসিক অনলাইন মিউজলেটোর বিআরডিবি পল্লী পারিকমা

ডিসেম্বর ২০১৮ বর্ষ ১ সংখ্যা ৩

খুলনা জেলার কর্মকর্তাদের সাথে বিআরডিবি'র সদর কার্যালয়ের ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত



গত ১৩/১২/২০১৮ খ্রি. তারিখে খুলনা জেলার মাসিক উন্নয়ন সমন্বয় সভার উপস্থিত কর্মকর্তাদের সাথে বিআরডিবি'র সদর কার্যালয়ের মধ্যে ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়। উক্ত ভিডিও কনফারেন্স অনুষ্ঠানে ঢাকা সদর দপ্তরের পরিচালক (সরেজমিন), জনাব মোঃ মাহমুদুল হোসাইন খানসহ বিআরডিবি'র অন্যান্য সিনিয়র কর্মকর্তাদের সাথে খুলনা জেলার কার্যক্রম নিয়ে মতবিনিময় করেন।

পল্লী ভবনে এএআরডিও সেক্রেটারী জেনারেল Eng. Wassfi Hassan El-Sreihin এর এর আগমন



আফ্রো-এশিয়ান রুরাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (এএআরডিও) এর সেক্রেটারী জেনারেল গত ২০/১২/২০১৮ খ্রি. তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার এর সাথে সাক্ষাৎ করেন এবং দ্বি-পাক্ষিক সভায় মিলিত হন। একইদিন বিআরডিবি'র প্রতিষ্ঠা দিবসের বিভিন্ন অনুষ্ঠানে যোগদান করেন। তিনি বিআরডিবি'র ৪৬ বছর পদার্পণ এর বিষয়ে বিস্তারিত আলোচনায় অংশ নিয়ে বিআরডিবি'কে এএআরডিও এর সদস্য প্রদান বিষয়ে সম্মতি জ্ঞাপন করেন।

গাইবান্ধা জেলায় বিআরডিবি'র আওতায় “পল্লী বাজার” উদ্বোধন



বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্পের সুফলভোগীদের উৎপাদিত পন্য সামগ্রী বাজারজাতকরণে প্রকল্পের আওতায় গাইবান্ধা জেলা সদরে একটি ডিসপ্রে কাম সেলস সেন্টার “পল্লী বাজার” স্থাপন করা হয়েছে। দৃষ্টি নন্দন পল্লী বাজারটি ০৭ ডিসেম্বর'১৮ তারিখে বেলা ৩.০০ ঘটিকায় উদ্বোধন করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।

আইএমইডি'র পরিচালক কর্তৃক ইরেসপো প্রকল্প পরিদর্শন ও উঠান বৈঠকে যোগদান



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের সমাপ্ত প্রতিবেদন এর উপর মূল্যায়নকালে আইএমইডি'র পরিচালক জনাব মাহবুবুর রহমান এবং প্রকল্পে উপপ্রকল্প পরিচালক জনাব মোঃ আতিকুর রহমান কর্তৃক গত ০৩/১২/২০১৮ খ্রি. তারিখে যশোর জেলার সদর উপজেলার হামিদপুর মধ্য পাড়া মহিলা সমিতির সদস্যদের সাথে উঠান বৈঠকে মতবিনিময় করেন।



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মাসিক অনলাইন নিউজলেটার বিআরডিবি পল্লী পারিক্রমা

ডিসেম্বর ২০১৮ বর্ষ ১ সংখ্যা ৩

ভাসানচরে রোহিঙ্গাদের প্রত্যাভাসন করার জন্য বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের প্রকল্প গ্রহণ বিষয়ে প্রারম্ভিক সভা অনুষ্ঠিত



বিআরডিবি'র সদর কার্যালয়ের সম্মেলন কক্ষে ভাসানচরে রোহিঙ্গাদের প্রত্যাভাসন এবং তাদের আর্থ-সামাজিক অবস্থা ও জীবন মান উন্নয়নের লক্ষ্যে একটি যুগোপযোগী প্রকল্প প্রণয়নের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর ও সংস্থা প্রধানদের সমন্বয়ে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।

রাজশাহী জেলার পবা উপজেলায় পল্লী প্রগতি প্রকল্পের সদস্যদের মাঝে ক্ষুদ্র ঋণের চেক বিতরণ

রাজশাহী জেলার পবা উপজেলায় পল্লী প্রগতি প্রকল্পের কর্মজা মধ্যপাড়া মহিলা দলের উপকারভোগী সদস্যদের মাঝে ঋণ সহায়তা প্রদান করছেন রাজশাহী জেলার বিআরডিবি'র উপপরিচালক জনাব এ কে এম জাকিরুল ইসলাম। উক্ত ঋণ বিতরণ অনুষ্ঠানে পবা উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাসহ দলের সংশ্লিষ্ট মাঠ সংগঠক উপস্থিত ছিলেন। এছাড়া দলের সদস্যদের যথাসময়ে ঋণের কিস্তি পরিশোধসহ সঞ্চয় আদায়ের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।



গাইবান্ধা জেলায় মহাপরিচালক, বিআরডিবি কর্তৃক সমিতির উঠান বৈঠকে যোগদান



গাইবান্ধা জেলায় ০৭ ডিসেম্বর'১৮ তারিখ বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাদীন গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্পের পলাশবাড়ী উপজেলার বালিঙ্গী এবং পার আমলাগাছী পল্লী উন্নয়ন সমিতির উঠান বৈঠকে অংশ গ্রহণ করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। তিনি উঠান বৈঠকে উপস্থিত সুফলভোগীদের সঙ্গে খোলামেলা মতবিনিময় করেন। এ সময় মহোদয়ের সঙ্গে উপস্থিত ছিলেন গাইবান্ধা জেলা প্রশাসনের কর্মকর্তা, বিআরডিবি সদর দপ্তর, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

পল্লী দারিদ্র্য বিমোচন কর্মসূচী (পদাবিক) কর্মচারীদের মধ্যে গ্র্যাচুইটির চেক বিতরণ



পল্লী দারিদ্র্য বিমোচন কর্মসূচী (পদাবিক) এর মৃত/অবসরভোগী/স্বৈচ্ছায় অবসর গ্রহণকারীদের মাঝে গ্র্যাচুইটির এককালীন ৭৮ লক্ষ টাকার চেক বিতরণ করা হয়। চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার, মহাপরিচালক, বিআরডিবি, ঢাকা। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পরিচালক (প্রশাসন) জনাব মোঃ হাসানুল ইসলাম এনডি।



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মাসিক অনলাইন নিউজলেটার বিআরডিবি পল্লী পারিক্রমা

ডিসেম্বর ২০১৮ বর্ষ ১ সংখ্যা ৩

গোপালগঞ্জ জেলায় পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় মাদ্রাসায় বেঞ্চ প্রদান



গোপালগঞ্জ জেলার মকসুদপুর উপজেলায় বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় ০৬ নং বাঁশবাড়িয়া ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের বুটিগ্রাম ইসলামিয়া দাখিল মাদ্রাসায় ছাত্র ও ছাত্রীদের বসার বেঞ্চের ব্যবস্থা না থাকায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার এ বেঞ্চ বিতরণ করেন। ফলে মাদ্রাসার ছেলে মেয়েরা স্বাচ্ছন্দে পড়াশোনা করতে পারছে।

BRDB-HELVETAS এর প্রশিক্ষণ উদ্বোধন



BRDB-HELVETAS কর্তৃক বাস্তবায়নীয় SDC Local Governance Program-Sharique-IV প্রকল্পের আওতায় গাইবান্ধা জেলার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের ২দিন ব্যাপী Budget Cycle Management প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার মহাপরিচালক, বিআরডিবি। HELVETAS -Swiss Inter-Cooperation এর আর্থিক সহায়তায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক গাইবান্ধা ও বরিশাল জেলায় প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ আবদুস সবুর, উপপরিচালক, গাইবান্ধা।

বিআরডিবি'র পেনশনারদের পেনশনের চেক বিতরণ



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের পেনশন কার্যক্রম সহজীকরণ এবং অবসর গ্রহণকারীদেরদীর্ঘ দিনের কাজের সম্মানস্বরূপ গত ১৩/১২/১৮ এবং ৩১-১২-২০১৮ খ্রি. তারিখে বিআরডিবি হতে অবসর গ্রহণকারী ১০৬ জন কর্মকর্তাকে অবসরভাতা ও গ্রাচুইটি বাবদ চেক প্রদান করা হয়। উক্ত চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বোর্ডের মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। সভাপতিত্ব করেন পরিচালক (প্রশাসন) জনাব মোঃ হাসানুল ইসলাম, এনডিসি।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতায় সদর কার্যালয়ে গণশুনানী অনুষ্ঠিত



বিআরডিবি'র কর্মকর্তা/কর্মচারী, ইউসিসিএ'র চেয়ারম্যানবৃন্দ, ইউসিসিএ কর্মচারী এবং জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশনের প্রতিনিধিসহ বিআরডিবি'র অংশীজনদের উপস্থিতিতে ২০/১২/১৮ তারিখে গণশুনানী অনুষ্ঠিত হয়। উক্ত গণশুনানী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।



এএআরডিও সেক্রেটারী জেনারেল Eng. Wassfi Hassan El-Sreihin এর বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ



আফ্রো-এশিয়ান রুরাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (এএআরডিও) এর সেক্রেটারী জেনারেল Eng. Wassfi Hassan El-Sreihin গত ২০/১২/২০১৮ খ্রি. তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সদর কার্যালয়ের পল্লী ভবনে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদারসহ বোর্ডের মহাপরিচালক ড. মিজানুর রহমান এবং বিআরডিবি'র পরিচালকগণ উপস্থিত ছিলেন।

যশোর জেলায় কৃষক সমবায় সমিতির উঠান বৈঠকে মহাপরিচালক বিআরডিবি'র যোগদান



যশোর জেলায় কুলিয়া কৃষক সমবায় সমিতির উঠান বৈঠকে অংশ গ্রহণ করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। তিনি উঠান বৈঠকে উপস্থিত সুফলভোগীদের সঙ্গে খোলামেলা মতবিনিময় করেন। এ সময় উপস্থিত ছিলেন বিআরডিবি সদর দপ্তর, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

গাইবান্ধা জেলায় আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ উদ্বোধন



০৮ ডিসেম্বর'১৮ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় বিআরডিবি কর্তৃক বাস্তবায়নধীন গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্পের সুফলভোগীদের গবাদী পশু পালন, মোটাতাজা করণ ও খামার ব্যবস্থাপনা বিষয়ক ১২ দিন ব্যাপী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।

উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ প্রকল্পের সদস্যদের কাঁথা সেলাই



উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ প্রকল্পের সমিতির সদস্যরা মিলিতভাবে আয় উৎসারী প্রশিক্ষণ শেষে নকশি কাঁথা সেলাই কার্যক্রমে অংশগ্রহণ করেন। ফলে সদস্যরা তাদের আর্থিক স্বচ্ছলতা ফিরে আনতে সক্ষম হচ্ছেন।

মহিলা সমিতিতে উঠান বৈঠক, দাকোপ, খুলনা

দাকোপ উপজেলার গড়খালী সেনবাড়ী মহিলা সমিতির উঠান বৈঠকে অংশ গ্রহণ করেন খুলনা জেলার উপপরিচালক জনাব মোঃ নাসির উদ্দিন

